## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২১০।

www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৬ তারিখ: ১৮-০২-২০২৬ খ্রি.

### জেডি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রম

### বর্ষপঞ্জি: ২০২৬ খ্রিস্টাব্দ

| মাস ও সন | কার্যক্রমের বিবরণ | ছুটির বিবরণ (তারিখ, দিন ও উপলক্ষ্য) | মাসভিত্তিক দিবসের সংখ্যা | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| | | | কার্য দিবস | ছুটির দিবস | | | |
| | | | | শুক্রবার | শনিবার | অন্যান্য | |
| জানুয়ারি ২০২৬ খ্রি: | নবম শ্রেণির (শিক্ষাবর্ষ ২০২৫) বাস্তব প্রশিক্ষণ ও ০৫ জানুয়ারি থেকে ক্লাস শুরু<br>০১ জানুয়ারি, ষষ্ঠ থেকে নবম শ্রেণির (শিক্ষাবর্ষ ২০২৬) বই বিতরণ ও ক্লাস শুরু<br>দশম শ্রেণির (শিক্ষাবর্ষ ২০২৫) ক্লাস অব্যাহত | * ১৭ জানুয়ারি, শনিবার (শব-ই-মিরাজ) | ২১ | ০৫ | ০৫ | ০০ | ৩১ |
| ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | * ০৪-০৫ ফেব্রুয়ারি, বুধবার ও বৃহস্পতিবার (শব-ই-বরাত)<br>*১৯-২৮ ফেব্রুয়ারি (পবিত্র রমজান)<br>২১-ফেব্রুয়ারি, শনিবার (শহিদ দিবস, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস) | ১২ | ০৪ | ০৪ | ০৮ | ২৮ |
| মার্চ ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | *০১-২৬ মার্চ, পবিত্র রমজান [*১৭ মার্চ, মঙ্গলবার (শব-ই-কদর) ও ২১ মার্চ, শনিবার (ঈদ-উল-ফিতর)]<br>২৬ মার্চ, বৃহস্পতিবার (স্বাধীনতা ও জাতীয় দিবস) | ০৩ | ০৪ | ০৪ | ২০ | ৩১ |
| এপ্রিল ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত রেখে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) পরীক্ষা-২০২৬ শুরু | ১৪ এপ্রিল, মঙ্গলবার (বাংলা নববর্ষ) | ২১ | ০৪ | ০৪ | ০১ | ৩০ |
| মে ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | *০১ মে, শুক্রবার (মে দিবস ও বুদ্ধ পূর্ণিমা)<br>*২৪ - ৩১ মে [(ঈদ-উল-আযহা) ও গ্রীষ্মকালীন অবকাশ,<br>*২৭ মে, বুধবার (ঈদ-উল-আযহা)] | ১৫ | ০৫ | ০৫ | ০৬ | ৩১ |
| জুন ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | *০১ - ১১ জুন (ঈদ-উল-আযহা) ও গ্রীষ্মকালীন অবকাশ<br>*২৬ জুন, শুক্রবার (পবিত্র আশুরা) | ১৩ | ০৪ | ০৪ | ০৯ | ৩০ |
| জুলাই ২০২৬ খ্রি: | বর্ষমধ্য পরীক্ষা ও শ্রেণি কার্যক্রম অব্যাহত | | ২২ | ০৫ | ০৪ | - | ৩১ |
| আগস্ট ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | ০৫ আগষ্ট, বুধবার(জুলাই গণঅভ্যুত্থান দিবস)<br>* ১২ আগস্ট, বুধবার (আখেরী চাহার সোম্বা)<br>* ২৬-২৭ আগস্ট, বুধবার হতে বৃহস্পতিবার (পবিত্র ঈদ-ই মিলাদুন্নবী সা.) | ১৮ | ০৪ | ০৫ | ০৪ | ৩১ |
| সেপ্টেম্বর ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | *০৪ সেপ্টেম্বর, শুক্রবার (শুভ জন্মাষ্টমী)<br>*২৪ সেপ্টেম্বর, বৃহস্পতিবার (ফাতেহা-ই-ইয়াজদাহম) | ২১ | ০৪ | ০৪ | ০১ | ৩০ |
| অক্টোবর ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত | ২০-২২ অক্টোবর পর্যন্ত দুর্গাপূজা [২১ অক্টোবর, বুধবার, বিজয়া দশমী] | ১৯ | ০৫ | ০৫ | ০২ | ৩১ |
| নভেম্বর ২০২৬ খ্রি: | শ্রেণি কার্যক্রম অব্যাহত<br>০৫ নভেম্বর, নবম শ্রেণি বোর্ড সমাপনী পরীক্ষা শুরু (সম্ভব্য)<br>১৫ নভেম্বর, ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি বার্ষিক পরীক্ষা শুরু | | ২২ | ০৪ | ০৪ | - | ৩০ |
| ডিসেম্বর ২০২৬ খ্রি: | দশম শ্রেণির শ্রেণি কার্যক্রম অব্যাহত<br>০৭ ডিসেম্বর, নবম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ শুরু (০৪ সপ্তাহ ব্যাপী),<br>১৫ ডিসেম্বর, অষ্টম শ্রেণি, জেএস এবং জেডি (ভোকেশনাল) বৃত্তি পরীক্ষা শুরু (সম্ভব্য) | **১৬ ডিসেম্বর, বুধবার (বিজয় দিবস),<br>২০-২৯ ডিসেম্বর, [(শীতকালীন অবকাশ),<br>২৫ ডিসেম্বর, শুক্রবার (ঈসা আ: এর জন্মদিন) | ১৪ | ০৪ | ০৪ | ০৯ | ৩১ |
| মোট কার্য দিবস ও ছুটি | | | **২০১** | **৫২** | **৫২** | **৬০** | **৩৬৫** |
| প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি | | | -২ | ০ | ০ | +২ | ০ |
| প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটিসহ মোট | | | **১৯৯** | **৫২** | **৫২** | **৬২** | **৩৬৫** |

*চিহ্নিত ছুটির তারিখ চাঁদ দেখার উপর নির্ভরশীল।

** সরকারি সিদ্ধান্ত অনুসারে ছুটি, ক্লাস শুরু এবং চূড়ান্ত পরীক্ষার সময়সূচি পরিবর্তন হতে পারে।

বি. দ্র. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, সরকারি মাধ্যমিক-১ শাখা এর স্মারক নং ৩৭.০০.০০০০.০৭১.০৪.০০২.০২(অংশ)-৭২, তারিখ: ১৮ ফেব্রুয়ারী ২০২৬ খ্রিস্টাব্দে প্রকাশিত ছুটির তালিকা ও শিক্ষা বর্ষপঞ্জি এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ২০২৬ সালের সংশোধিত খসড়া ছুটির তালিকার আলোকে প্রকাশ করা হল।

**বিশেষ দ্রষ্টব্য:**

১. শিক্ষাবর্ষ হবে ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ পর্যন্ত। ১ম কর্মদিবস অর্থাৎ ০১ জানুয়ারি পাঠ্যপুস্তক বিতরণ করা হবে;

২. উল্লিখিত সময়সূচি অনুযায়ী ধারাবাহিক মূল্যায়ন, **বর্ষমধ্য পরীক্ষা ও বার্ষিক/বোর্ড সমাপনী পরীক্ষা** গ্রহণ নিশ্চিত করতে হবে। বার্ষিক/বোর্ড সমাপনী পরীক্ষার উত্তরপত্র ০১ (এক) বছর সংরক্ষণ করতে হবে;

৩. স্ব-স্ব প্রতিষ্ঠান পরীক্ষার প্রশ্নপত্র (পাবলিক পরীক্ষা ব্যতীত) নিজেরাই প্রণয়ন করবে। কোনো অবস্থাতেই অন্য কোনো উৎস হতে সংগৃহীত প্রশ্নপত্রে পরীক্ষা নেয়া যাবেনা;

৪. সকল কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিদিন বিধি মোতাবেক জাতীয় পতাকা উত্তোলন এবং প্রাত্যহিক সমাবেশসহ জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;

৫. সাপ্তাহিক ছুটি (শুক্র ও শনিবার) ব্যতীত বছরে মোট ছুটি থাকবে ৬২ দিন;

৬. কোনো সরকারি কর্মকর্তা/বিশিষ্ট ব্যক্তিবর্গের পরিদর্শন উপলক্ষ্যে শিক্ষার্থীদের ক্লাস বন্ধ করা বা প্রতিষ্ঠান ছুটি দেওয়া যাবে না এবং সংবর্ধিত/পরিদর্শনকারী ব্যক্তির আগমন উপলক্ষ্যে শিক্ষার্থীদের রাস্তায় দাঁড় করানো যাবে না;

৭. ছুটিকালীন সময়ে অনুষ্ঠিতব্য ভর্তি/অন্যান্য পরীক্ষা অনুষ্ঠানের জন্য প্রয়োজনে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রাখতে হবে;

৮. পাবলিক পরীক্ষার কেন্দ্র/ভেন্যু থাকলে উক্ত প্রতিষ্ঠানে পরীক্ষার সময় বিকল্প ব্যবস্থায় এবং কেন্দ্র/ভেন্যু ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানে যথারীতি শ্রেণি কার্যক্রম চালু থাকবে। কোনো অবস্থাতেই পাঠদান/শ্রেণি কার্যক্রম বন্ধ রাখা যাবে না;

৯. জাতীয়ভাবে গুরুত্বপূর্ণ দিবস যথা: ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ ও ১৬ ডিসেম্বর শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে, তবে সংশ্লিষ্ট দিবসের বিষয়ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে শিক্ষার্থী, শিক্ষক ও কর্মচারী সমন্বয়ে উদ্‌যাপন করতে হবে;

১০. প্রতিটি প্রতিষ্ঠানে সরকার কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা আয়োজন ও শিক্ষাসপ্তাহ পালন করতে হবে;

১১. হাওড় অঞ্চলে বোরো ধান কাঁটা উপলক্ষ্যে মার্চ মাসের শেষ সপ্তাহ থেকে এপ্রিল মাসের ১ম সপ্তাহ পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকতে দেখা যায়। তাই হাওড় অঞ্চলের প্রতিষ্ঠানসমূহে প্রতিষ্ঠান প্রধানগণ পবিত্র ঈদ-উল-ফিতর ও গ্রীষ্মকালীন ছুটি থেকে সমন্বয় করে উল্লিখিত সময়ে ১০ (দশ) দিন শ্রেণি কার্যক্রম বন্ধ রাখতে পারবেন। তবে ছুটি সমন্বয়কারী প্রতিষ্ঠান প্রধানকে গ্রীষ্মকালীন ছুটির সময়ে শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে;

১২. সাপ্তাহিক ছুটি ০২ দিন নির্ধারণ করায় প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠাকে যথাযথ পাঠপরিকল্পনা প্রণয়নপূর্বক পাঠদান সমাপ্ত করতে হবে।

১৮.০২.২৬


(প্রকৌশলী মোঃ আনোয়ারুল কবীর)
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫০০৬৫২৩
ইমেইল:bteb.director@gmail.com


স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০১৮.২৫.৩৬ (৪৪২)

তারিখ: ১৮-০২-২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
৬-১৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
১৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড(এনসিটিবি), মতিঝিল, ঢাকা।
১৭। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৮-২৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/যশোর/কুমিল্লা/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ।
২৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
২৮। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২৯। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, সকল।
৩০। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
৩১। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩২। উপ পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৩। উপ সচিব (প্রশাসন/রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩৪-৪৪০। সুপারিটেনডেন্ট/প্রধান শিক্ষক ------------------------------------------------------------------------------------।
৪৪১। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪৪২। সংরক্ষণ নথি।

১৮.০২.২৬


**(প্রকৌশলী মো: ফারুক রেজা)**
কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকেশনাল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।